Registered
No. C. 853

# জঙ্গিপুর সংবাদ

সাপ্তাহিক সংবাদ-পত্র

## জঙ্গিপুর সংবাদের নিয়মাবলী

বিজ্ঞাপনের হার প্রতি সপ্তাহের জন্য প্রতি লাইন ।৵০ আনা, এক মাসের জন্য প্রতি লাইন প্রতি বার ।০ আনা, ১৲ এক টাকার কম মূল্যে কোন বিজ্ঞাপন প্রকাশিত হয় না। স্থায়ী বিজ্ঞাপনের দর পত্র লিখিয়া বা স্বয়ং আসিয়া করিতে হয়।

ইংরাজী বিজ্ঞাপনের চার্জ্জ বাংলার দ্বিগুণ

সডাক বার্ষিক মূল্য ২৲ টাকা

নগদ মূল্য ৴০ এক আনা।

শ্রীবিনয়কুমার পণ্ডিত, রঘুনাথগঞ্জ, মুর্শিদাবাদ।

হাতে কাটা
বিশুদ্ধ পৈতা
পণ্ডিত-প্রেসে পাইবেন।

অরবিন্দ এণ্ড কোং
মহাবীরতলা পোঃ জঙ্গিপুর (মুর্শিদাবাদ)

ঘড়ি, টর্চ, ফাউণ্টেন পেন, চশমা, সেলাই মেসিনের পার্টস্ এখানে নূতন কিনিতে পাইবেন।

এখানে সকল প্রকার সেলাই মেসিন, ফটো ক্যামেরা, ঘড়ি, টর্চ, টাইপ রাইটার, গ্রামোফোন ও যাবতীয় মেসিনারী সুলভে সুন্দররূপে মেরামত করা হয়। পরীক্ষা প্রার্থনীয়।

৪১শ বর্ষ | রঘুনাথগঞ্জ, মুর্শিদাবাদ—১লা ভাদ্র বুধবার ১৩৬১ ইংরাজী 18th Aug. 1954 | ১৪শ সংখ্যা



সকল ঘরের তরে...

দীপ্তি লণ্ঠন

ওরিয়েন্টাল মেটাল ইণ্ডাষ্ট্রিজ লিঃ ৭৭, বহুবাজার ষ্ট্রীট, কলিকাতা ১২

C. P. SERVICE

অগ্রগতির পথে
নূতন পদক্ষেপ

হিন্দুস্থান তাহার যাত্রাপথে প্রতি বৎসর নূতন নূতন সাফল্য, শক্তি ও সমৃদ্ধির গৌরবে দ্রুত অগ্রসর হইয়া চলিয়াছে।

নূতন বীমা (১৯৫৩)

১৮ কোটি ৮৭ লক্ষের উপর

হিন্দুস্থানের উপর জনসাধারণের অবিচলিত আস্থার উজ্জ্বল নিদর্শন।

ভারতীয় জীবন বীমার ক্ষেত্রে

পূর্ব্ব বৎসর অপেক্ষা ২ কোটি ৪২ লক্ষ বৃদ্ধি

সমসাময়িক তুলনায় সর্ব্বাধিক

হিন্দুস্থান কো-অপারেটিভ
ইন্সিওরেন্স সোসাইটি, লিমিটেড
হিন্দুস্থান বিল্ডিংস্, কলিকাতা—১৩

শাখা অফিস : ভারতের সর্ব্বত্র ও ভারতের বাহিরে

সর্ব্বেভ্যো দেবেভ্যো নমঃ।

# জঙ্গিপুর সংবাদ

১লা ভাদ্র বুধবার সন ১৩৬১ সাল।

## স্বাধীনতার সাত বৎসর

—•—

আমাদের স্বাধীনতার বয়স সাত বৎসর পূর্ণ হইয়া অষ্টম বর্ষে পদার্পণ করিল। এই সাত বৎসরে কেন্দ্রীয় সরকার ও সমস্ত রাজ্য সরকার মিলিয়া প্রায় ৫০০০ পাঁচ হাজার কোটি টাকা দেশের কল্যাণের জন্য খরচ করিয়াছেন। সরকারী সব কাগজে রাষ্ট্র ভাষায় ছাপার অক্ষরে লেখা দেখিতে পাওয়া যায় "সত্যমেব জয়তে"। দেখিলেই মনে হইবে এ রাজ্য সত্যের উপর প্রতিষ্ঠিত, এখানে মিথ্যার স্থান নাই। বেশ মন দিয়া অন্বেষণ করিলে দেখা যাইবে—মিথ্যার প্রবল প্রতাপ পরাধীন ভারতকে পদে পদে হার মানাইয়াছে। আমাদের পশ্চিমবঙ্গের মুখ্য-মন্ত্রী ডাক্তার বিধানচন্দ্র রায় মহাশয় এই সাত বৎসরে কম করিয়া ৩০০ তিন শো কোটি টাকা খরচ করিয়াছেন, এমন কতগুলি কাজের নাম করিতে তিনি পারেন, যে কাজের দ্বারা দেশের দরিদ্র জনসাধারণের কল্যাণ বা উপকার হইয়াছে। অবশ্য মনের মত মানুষ বাছিয়া চাকরী দেওয়া বা প্রিয়জনের প্রয়োজনমত উপকার করাকে যদি রাষ্ট্রের কল্যাণ বলা হয়, তবে তাঁহার রাজত্বে সে কল্যাণের অভাব পরিলক্ষিত হইবে না। খেয়াল মত খরচ করা দেশের কল্যাণ করা হইলে, সে কল্যাণ যথেষ্ট হইয়াছে।

যে বৃটিশ সরকারের অধীনে ২০০ বৎসর থাকিয়া, স্বাধীনতার জন্য ছটফট করা হইয়াছে, স্বাধীনতা পাইবার পরও যে ইংরাজের দাগা বুলাইয়া শাসন-কার্য্য চালান হইতেছে, সেই ইংরাজের মত প্রত্যেক লোকের আত্মমর্য্যাদার মর্য্যাদা দেওয়া কি একটুও অনুকরণ করিবার চেষ্টা করা হয়? প্রথমতঃ আমরা আমাদের পশ্চিম বাংলার মুখ্য মন্ত্রীকেই জিজ্ঞাসা করি—মানুষের মনুষ্যত্বের প্রতি সম্মান-টুকু কি মানুষের দেওয়া উচিত নয়? মানুষ সহজে পরের দ্বারস্থ হইতে রাজি হয় না। নেহাৎ ঠেকিয়া তবে অন্যের কাছে মাথা নোয়াইয়া, হয় তো কোন করুণা পাইবার জন্য যাইতে বাধ্য হয়, তখন তাহার নোয়ানো মাথার উপর আত্মম্ভরিতার আঘাত করা কি নিজের মনুষ্যত্বের উপর আঘাত করা নয়? মিষ্ট কথা বা সম্মানজনক সম্বোধন করা কি ব্যয়সাধ্য? মানুষকে যদি মানুষ বলিয়া মনে না করা হয়, ক্ষমতার আসনে অধিষ্ঠিত হইয়া যদি হরদম "আমি একজন বাঁকা বাহাদুর" এই ভাব প্রদর্শন করা হয়, আর যদি এই আদব সকল মনুষ্য দ্বারা সভ্যতার নিদর্শন বলিয়া অনুকৃত হয়, তবে কেবল বিক্রম প্রদর্শনই আত্মমর্য্যাদার মুখ্য উদ্দেশ্য হইয়া দাঁড়াইবে। কোন অধীনস্থ মনুষ্য উপরওয়ালার প্রতি ভক্তিমান হইতে পারিবে না, কাজে তাঁহার উৎসাহও থাকিবে না শৃঙ্খলা থাকা তো দূরের কথা।

মানুষের সর্ব্বাপেক্ষা প্রয়োজনীয় বস্তু হইল খাদ্য। এই খাদ্য ব্যবস্থাতে ইংরাজের সহিত আমাদের স্বাধীন সরকারের তুলনা করিয়া দেখিলেই বোঝা যাইবে আমরা কেমন স্বাধীনতা লাভ করিয়া এই সাত বৎসর কেমন সুখে কাল কাটাইয়াছি।

যুদ্ধের সময় ইংরাজ নিজের দেশে ও আমাদের দেশে রেশন প্রথা প্রবর্ত্তন করিয়াছে। তাদের রেশনে কাঁকর চিবাইবার ব্যবস্থা ছিল না, আমাদের স্বাধীন সরকারের আমলে অখাদ্য খাইয়া স্বাস্থ্যের দফা রফা করিয়াছি। কোন্ পুণ্যশ্লোক মহাপুরুষ এই কাঁকর মিশাইবার ব্যবস্থা করিয়া দেশকে মরণের পথে ঠেলিয়া দিয়াছিলেন, তাঁহার কোন শাস্তি দিবার ব্যবস্থা এ সরকারের হাতে আছে কি? বহু চেষ্টার পর ভারতের খাদ্যমন্ত্রী মিঃ কিদোয়াই সাহেব এই সাত বৎসরের পাপ কণ্ট্রোলরূপ কণ্টক দূর করিয়া দীন-জনসাধারণের আশীর্ব্বাদ ও ধন্যবাদ-ভাজন হইয়াছেন। তাঁহার এই ব্যবস্থার পর চাউলে কাঁকর যেন ভোজবাজীর মত চাউল হইতে উধাও হইয়াছে। এই সাত বৎসরের মধ্যে এই একটি জনকল্যাণকর কাজ তিনিই দেখাইয়াছেন।

রোগীর পথ্যে, ঔষধে যেমন ভেজাল প্রথা এ আমলে নিত্য দেখা যাইতেছে, ইংরাজ আমলে তেমনটি ছিল কি? আবার এই সব ভেজাল ব্যবসায়ী দুর্বৃত্তদের ধরিলেও নাকি দণ্ড দেওয়ার মত আইন এখনও তৈরী হয় নাই।

যাঁহারা এই সাত বৎসরের সুখাদ্যে এখনও জীবিত আছেন, ভেজাল পথ্য ও ভেজাল ঔষধ যাহাদের শেষ করিতে পারে নাই, তাঁহারা নূতন নূতন পরিকল্পনার দিকে তাকাইয়া থাকুন—আসিবে দিন আসিবে। প্রাণ ভরিয়া বলুন—"সত্যমেব জয়তে"।

---

### দুঃখিনী বঙ্গমাতার আর একটি প্রতিভাবান সন্তান, আনন্দবাজার পত্রিকা, হিন্দুস্থান ষ্ট্যাণ্ডার্ড ও দেশ পত্রিকার ম্যানেজিং ডিরেক্টর

## শ্রীসুরেশচন্দ্র মজুমদারের কর্ম্মবহুল জীবনাবসান

—•—

আমরা আন্তরিক দুঃখের সহিত জানাইতেছি যে সংবাদপত্র জগতে সুবিখ্যাত স্বনামধন্য সুরেশচন্দ্র মজুমদার গত বৃহস্পতিবার রাত্রি ১১টা ১৫ মিনিটের সময় হৃদ্‌যন্ত্রের ক্রিয়া বন্ধ হইয়া আকস্মিকভাবে নশ্বর মানবদেহ ত্যাগ করিয়াছেন। মৃত্যুকালে তাঁহার বয়স ৬৬ বৎসর হইয়াছিল। তিনি অকৃতদার ছিলেন। সন্তানসন্ততি না থাকিলেও যে কোন বাংলা লাইনো টাইপে ছাপা কাগজ বা পুস্তকাদি দেখিলেই সুরেশচন্দ্রকে মনে পড়িবে। তাঁহার অন্যান্য কৃতিত্বের মধ্যে এই বাংলা লাইনো উদ্ভাবন এক অপূর্ব্ব কীর্ত্তি। সন্তানাদি চিরস্থায়ী বা দীর্ঘ-স্থায়ী হয় না, কিন্তু বাংলা লাইনো কী বোর্ড মুদ্রণ-যন্ত্র যতদিন থাকিবে তাহার উদ্ভাবক সুরেশচন্দ্রের নাম জনগণের স্মৃতিপথে প্রতিনিয়ত উদিত হইবে। বাংলা ৬০০ শত অক্ষরকে মাত্র ১২৪টি অক্ষর দ্বারা লাইনো যন্ত্রে মুদ্রণের উপযোগী করিয়াছিলেন। মুদ্রণ পারিপাট্যে বিশেষজ্ঞ সুরেশচন্দ্রের শ্রীগৌরাঙ্গ প্রেস তাঁহার অন্যতম কীর্ত্তি। সুপ্রসিদ্ধ ইংলিশম্যান সংবাদপত্রের সুবৃহৎ প্রেস ক্রয় করিয়া ১নং বর্ম্মণ ষ্ট্রীটের বর্ত্তমান বাটীতে স্থাপন তাঁহার ও তাঁহার

দক্ষিণ হস্ত স্বরূপ শ্রীমাখনলাল সেনের দক্ষতার সাক্ষ্য দিবে।

মাতৃভূমির বন্ধন মোচনের জন্য নির্য্যাতন ও দীর্ঘকাল কারাবরণ করিতেও সুরেশচন্দ্র পশ্চাৎপদ হন নাই। তিনি কংগ্রেস সরকারেও ভারতীয় সংসদের সদস্য ছিলেন। কলিকাতা প্রেস-মালিক সভারও সভাপতি ছিলেন। রবীন্দ্র ভারতীর সম্পাদক জীবনের শেষ দিন পর্য্যন্ত ছিলেন। তাঁহার স্থান পূরণ হইবার নহে। আমরা তাঁহার বিয়োগ-ব্যথিত সকলের সহিত সমবেদনা ও পরলোকগত আত্মার সদ্গতি কামনা করি।

---

## স্বাধীনতা দিবসের অনুষ্ঠান

গত ১৫ই আগষ্ট রবিবার নির্দ্ধারিত কর্ম্মসূচী অনুযায়ী জঙ্গিপুর মহকুমার সমস্ত সরকারী অফিস আদালতে, স্কুল সমূহে, কলেজে এবং কোন কোন বেসরকারী প্রতিষ্ঠানে যথারীতি জাতীয় পতাকা উত্তোলনকার্য্য নির্ব্বাহ হয়।

সরকারী প্রচার বিভাগের উদ্যোগে এই মহকুমার সিনেমাগুলিতে স্কুলের ছাত্র-ছাত্রী ও শিক্ষক-শিক্ষিকাগণকে বিনা দর্শনীতে ছায়াচিত্র দেখানর ব্যবস্থা হইয়াছিল।

উক্ত দিবস বৈকালে স্থানীয় ছায়াবাণী টকির কর্তৃপক্ষ সরকারী, বেসরকারী গণ্যমান্য ভদ্রমহোদয়গণকে নিমন্ত্রণ করিয়া সিনেমা দেখান এবং জলযোগে আপ্যায়িত করেন।

---

## শিশুদের অলঙ্কার চুরি সম্পর্কে পুলিশ কর্তৃপক্ষের সতর্কবাণী

এক প্রেস নোটে বলা হইয়াছে:—ছোট ছোট ছেলেমেয়েরা যাহাতে দামী গহনা পরিয়া বাহিরে না যায়, সেদিকে নজর রাখার জন্য কলিকাতা পুলিশ বারম্বার পিতামাতা ও অভিভাবক-অভিভাবিকাদের উদ্দেশ্যে সতর্কবাণী প্রচার করিয়াছেন। এই আবেদনে সন্তোষজনকভাবে ফল হইয়াছিল। কারণ ছোট ছোট ছেলেমেয়েদের গা হইতে গহনা চুরি—উল্লেখযোগ্যভাবে কমিয়াছিল। কিন্তু সম্প্রতি এই রকম চুরি পুনরায় বাড়িতেছে। পুলিশ পুনরায় পিতামাতা ও অভিভাবক-অভিভাবিকাদের অনুরোধ করিতেছেন যে, কোন সঙ্গী-সাথী ছাড়া বা ভাল করিয়া চেনেন না, এরকম চাকর-বাকরের সঙ্গে ঐ রকম গহনাপরা অবস্থায় ছোট ছোট ছেলেমেয়েদের বাহিরে যেন যাইতে না দেওয়া হয়।

---

## গৃহস্থ! হুসিয়ার!

বহুদিনের পুরাতন কথা—

গো, পো—চোখের সামনে থো!

গত ১৫ই আগষ্ট রবিবার কলিকাতা জোড়াসাঁকো থানা এলাকার পুলিশ একদল ভিক্ষুককে ছেলেচুরির অভিযোগে গ্রেপ্তার করে। উক্ত দলের জনৈক ভিক্ষুকের ঝোলা হইতে ৫ বৎসর বয়সের একটী বালককে উদ্ধার করে। বালকটিকে তাহার পিতামাতার নিকট দেওয়া হইয়াছে।

---

# নিলামের ইস্তাহার

## চৌকি জঙ্গিপুর ১ম মুন্সেফী আদালত

## *নিলামের দিন ১৩ই সেপ্টেম্বর ১৯৫৪*

১৯৫৪ সালের ডিক্রীজারী

৩৫৪ থাং ডিঃ হরিশচন্দ্র মুখোপাধ্যায় দিং দেং অমলকুমার মজুমদার দিং দাবি ৭০৸/৭ থানা সুতী মৌজে হিলোড়া ১-৯১ শতকের কাত ১০/৯ আঃ ৪০৲ থং ২৭৫০ রায়ত স্থিতিবান।

১১৬ থাং ডিঃ মেদিনীপুর জমিদারী কোং লিঃ দেং অমিয়মোহন রায় দিং দাবি ৯৭৸৵৬ থানা সুতি মৌজে শ্যামপুর ৫-৮১ শতকের কাত ৮৵৩ আঃ ৯০৲ থং ২৩৮

৩০৩ থাং ডিঃ ঐ দেং দামিনী দাসী দিং দাবি ১২৶৩ মৌজাদি ঐ /৪॥০ কাঠার কাত ।৬ আঃ ৫৲

৩০৫ থাং ডিঃ ঐ দেং অহেদুল্লা মণ্ডল দিং দাবি ৬৪।৵৬ মৌজাদি ঐ ৭৸১ কাঠার কাত ১১॥৶৩ আঃ ৫০৲ থং ৫০

৩০৬ থাং ডিঃ ঐ দেং শিরিশচন্দ্র দাস দিং দাবি ১২॥/৬ মৌজাদি ঐ ।২।০ কাঠার কাত ।৶৯ আঃ ৫৲

৩১৮ থাং ডিঃ ঐ দেং সরস্বতী দেব্যা দাবি ৩১।/৬ মৌজাদি ঐ ৪৸১৸ বিঘার কাত ৬৻৯ আঃ ২৫৲

৩২৪ থাং ডিঃ ঐ দেং লক্ষ্মীকান্ত দাস দিং দাবি ১৯/৬ মৌজাদি ঐ ৩৯ শতকের কাত ১৵৬ আঃ ১০৲ থং ১৬৫

৩২৫ থাং ডিঃ ঐ দে ঐ দাবি ২৪৻৬ মৌজাদি ঐ ১॥১॥ কাঠার কাত ১৸৶৬ আঃ ১৫৲ থং ১৪২

৩২৬ থাং ডিঃ ঐ দেং ঐ দাবি ১৬৸/৬ মৌজাদি ঐ ২২ শতকের কাত ॥৶০ আঃ ৫৲ থং ১৬৬

৩২৭ থাং ডিঃ ঐ দেং কিশোরী দাস দিং নাঃ দাবি ৫৩॥৬ মৌজাদি ঐ ২-১৬ শতকের কাত ১০॥৬ আঃ ৫০৲ থং ১৫৫

২৯২ থাং ডিঃ ঐ দেং গোলাপবরণী দেব্যা দিং দাবি ৩৩৸৵৩ থানা ঐ মৌজে আটপলগাছি ১-৬১ শতকের কাত ৮॥৯ আঃ ২৫৲ থং ১৭

৩২২ থাং ডিঃ ঐ দেং নরেন্দ্রনাথ চৌধুরী দাবি ১৯।০ মৌজাদি ঐ ১-০১ শতকের কাত ৪৲ আঃ ১৫৲ থং ৬৭

২৯৩ থাং ডিঃ ঐ দেং দেবেন্দ্রনাথ দাস দিং দাবি ১৮৵/৬ থানা সুতী মৌজে চান্দামারী ৬৭ শতকের কাত ৩৸০ আঃ ১০৲ থং ৬১, ৬২

২৯৪ থাং ডিঃ ঐ দেং ইদৃশ মণ্ডল দিং দাবি ৩১৵৩ থানা সুতী মৌজে নয়া বাহাদুরপুর ২০ শতকের কাত ২।৵৫ আঃ ১৫৲ থং ৯৫

২৯৫ থাং ডিঃ ঐ দেং বলাইচন্দ্র দাস দিং দাবি ২৬৸৵৩ মৌজাদি ঐ ১-২২ শতকের কাত ৫৸৵০ আঃ ১৫৲ থং ৮৯

২৯৬ থাং ডিঃ ঐ দেং আভসি মণ্ডল দাবি ৪০॥৬ মৌজাদি ঐ ২-৮৫ শতকের কাত ৭৸৵৬ আঃ ৩০৲ থং ৪৬

২৯৯ থাং ডিঃ ঐ দেং লালমহম্মদ মোল্লা দাবি ২১॥৶৯ মৌজাদি ঐ ২।৩॥৶০ বিঘার কাত ২৸১১ পাই আঃ ১৫৲ থং ৩৪৮

৩০০ থাং ডিঃ ঐ দেং অষ্টবালা বেওয়া দাবি ১৩॥৶৩ মৌজাদি ঐ ১৪ শতকের কাত ৸/৬ আঃ ৫৲ থং ৪৭৭

৩০১ থাং ডিঃ ঐ দেং মহম্মদালী মণ্ডল দিং দাবি ৪৭।৵৬ মৌজাদি ঐ ৩-২০ শতকের কাত ১৪৻৬ আঃ ৪০৲ থং ৪৬১

৩০২ থাং ডিঃ ঐ দেং পণ্ডিতচন্দ্র দাস দিং দাবি ১৬৵০ মৌজাদি ঐ ৩৪ শতকের কাত ৸/৩ আঃ ৫৲ থং ৮২

৩১৫ থাং ডিঃ ঐ দেং পণ্ডিতচন্দ্র দাস দিং দাবি ১৭।৶৩ মৌজাদি ঐ ৩৭॥০ শতকের কাত ১।৵৭॥ আঃ ১০৲ থং ৮৩

৩২৮ থাং ডিঃ ঐ দেং প্রবীরচন্দ্র পাল দিং দাবি ৮৭।৶০ মৌজাদি ঐ ৬-৭৪ শতকের কাত ৩৩॥৵৬ আঃ ৮০৲ থং ২৪৮

২৯৭ থাং ডিঃ ঐ দেং জয়নাল আবদীন দাবি ২৬৵৯ থানা সুতী মৌজে বাহাদুরপুর ৫৩ শতকের কাত ২॥৬ আঃ ১০৲ থং ২৫

৩০৪ থাং ডিঃ ঐ দেং মুগিশউদ্দিন বিশ্বাস দিং দাবি ২৩৶৩ মৌজাদি ঐ ৩৭ শতকের কাত ২॥৵০ আঃ ১৫৲ থং ১১৯, ১২০

২৯৮ থাং ডিঃ ঐ দেং দামিনী দাসী দিং দাবি ১৪৸৶৯ থানা সুতী মৌজে রমাকান্তপুর ১২॥/০ বিঘার কাত ৸৵৩ আঃ ৭৲ থং ১২

৩২০ থাং ডিঃ ঐ দেং শিরিশ মাহারা দাবি ১৭৸৵০ থানা সুতী মৌজে রমাকান্তপুর ৫৮ শতকের কাত ১॥/৯ আঃ ১০৲ থং ২৭

৩২১ থাং ডিঃ ঐ দেং আনেশ মহম্মদ দিং দাবি ২১।৶৯ মৌজাদি ঐ ৪৩ শতকের কাত ১৸৵৬ আঃ ১৫৲ থং ৫৪

৩১৬ থাং ডিঃ ঐ দেং হরিপদ সিংহ দাবি ২০/৩ থানা সুতী মৌজে ইসলামপুর ১।৩ কাঠার কাত ৩/৬ আঃ ১৫৲

৩১৯ থাং ডিঃ ঐ দেং নেক মহম্মদ সেথ দিং দাবি ৫২॥৶৬ মৌজাদি ঐ ২-৯৩ শতকের কাত ১২।৩ আঃ ৪০৲ থং ২০২

৩১৭ থাং ডিঃ ঐ দেং মহম্মদ ফেলু বিশ্বাস দিং দাবি ৬৬।৵৬ থানা সুতী মৌজে আরাজি রমাকান্ত-পুর ৫-২৯ শতকের কাত ২৸/০ আঃ ৬০৲ থং ৮

৩২৩ থাং ডিঃ ঐ দেং সামমহম্মদ মণ্ডল দাবি ১৫॥৵৬ থানা সুতী মৌজে ইসলামপুর ৩৭ শতকের কাত ১৸/৯ আঃ ১০৲ থং ৭২

৩২৯ থাং ডিঃ ঐ দেং কুড়ান দাস দাবি ১৬৵৩ মৌজাদি ঐ ১৩ শতকের কাত ।৶৯ আঃ ৫৲ থং ২১৩

৩৩০ থাং ডিঃ ঐ দেং হারাধন সিংহ দাবি ১১।/৩ মৌজাদি ঐ ॥১ কাঠার কাত ॥৶৭ আঃ ৫৲

৩৩৮ থাং ডিঃ ঐ দেং করুণাকান্ত দাস দাবি ১৫॥৵৯ থানা রঘুনাথগঞ্জ মৌজে পিরোজপুর ১/॥০ বিঘার কাত ১।৬ আঃ ১৫৲

৩৩৯ থাং ডিঃ ঐ দেং শশধর সাহা দাবি ১৭॥৵৫ পাই মৌজাদি ঐ ৸২ কাঠার কাত ১॥৶৬ আঃ ১৫৲

৩১০ থাং ডিঃ ঐ দেং শশধর সাহা দাবি ২৩৵২ মৌজাদি ঐ ১৸১ কাঠার কাত ৩/৩ আঃ ২০৲

৩৪১ থাং ডিঃ ঐ দেং কুড়ান আলী বিশ্বাস দাবি ২৪॥৵৬ মৌজাদি ঐ ৩।৩৸০ বিঘার কাত ৪।৯ আঃ ২০৲

৩৪২ থাং ডিঃ ঐ দেং মানুরুদ্দি সেথ দাবি ১৫॥/৯ মৌজাদি ঐ ॥২৸০ কাঠার কাত ১।৯ আঃ ১৫৲

৩৪৩ থাং ডিঃ ঐ দেং মোকশেদ আলী বিশ্বাস দাবি ১৯৵৯ মৌজাদি ঐ ১/০ বিঘার কাত ২/০ আঃ ১৫৲

৩৫২ থাং ডিঃ ঐ দেং দক্ষবালা চৌধুরাণী দাবি ২০॥৯ মৌজাদি ঐ ১-৭১ শতকের কাত ৭॥০ আঃ ২০৲ থং ৩৫১

৩৮৩ থাং ডিঃ ঐ দেং বিষ্ণুচরণ রায় দাবি ১০১।৶৩ মৌজাদি ঐ ৪-১১ শতকের কাত ১৯৲ আঃ ২৫৲ থং ২৫৭

৩৫১ থাং ডিঃ ঐ দেং সেরাজুদ্দিন বিশ্বাস দিং দাবি ৩৮॥৵৯ মৌজাদি ঐ ১০/০ বিঘার কাত ১২॥০ আঃ ৩০৲

৩৪৫ থাং ডিঃ ঐ দেং যতীশচন্দ্র দত্ত দাবি ২৩॥/৯ থানা রঘুনাথগঞ্জ মৌজে জোতকমল ৩৭ শতকের কাত ৪৲ আঃ ১৫৲ থং ২৫২

৩৪৪ থাং ডিঃ ঐ দেং সত্যেশ্বর রায় দিং দাবি ৫৮৻৬ থানা ঐ মৌজে ছোট কালিয়াই ৪-২৩ শত-কের কাত ১৭।৵৯ আঃ ৫০৲ থং ৪২৯

৩৪৯ থাং ডিঃ ঐ দেং বিভূতিভূষণ ওরফে ভোলানাথ দে দিং দাবি ১৩।/৯ মৌজাদি ঐ ১০ শতকের কাত ১৲ আঃ ৫৲ থং ২৭৮

৩৪৭ থাং ডিঃ ঐ দেং ঐ দাবি ১৬॥৯ থানা ঐ মৌজে জঙ্গিপুর ৫ শতকের কাত ২।০ আঃ ১০৲ থং ৪৯৭

৩৪৮ থাং ডিঃ ঐ দেং ঐ দাবি ১৩৸৶৯ মৌজাদি ঐ ৫ শতকের কাত ১।৬ আঃ ৫৲ থং ৪৯৫

৩৫০ থাং ডিঃ ঐ দেং ঐ দাবি ১২॥৶০ মৌজাদি ঐ ৬ শতকের কাত ॥৶৩ আঃ ৩৲ থং ২১৫

৩৪৬ থাং ডিঃ ঐ দেং প্রণবকুমার দাস দিং দাবি ২১॥৵৩ মোজা.দ ঐ ১৮ শতকের কাত ৩॥৵০ আঃ ১০৲ থং ৩৬৫

২৩১ থাং ডিঃ নিত্যগোপাল ধর দেং সৌরভ-মুনী দাসী দাবি ২২॥৵০ থানা রঘুনাথগঞ্জ মৌজে রামচন্দ্রবাটী ৪০ শতকের কাত ২৶০ আঃ ১০৲ থং ৫৯৭

২১ থাং ডিঃ ট্রাষ্টি রায় সুরেন্দ্রনারায়ণ সিংহ বাহাদুর দিং দেং খুদিরাম মুখোপাধ্যায় দিং দাবি ৯৮।৬ থানা রঘুনাথগঞ্জ মৌজে মঙ্গলজন ৩-৫৩ শত-কের কাত নিজাংশে ৩।৵৩ আঃ ২৫৲ থং ১২৯

২১৮ থাং ডিঃ রায় জ্ঞানেন্দ্রনারায়ণ চৌধুরী বাহাদুর দিং দেং সীতানাথ সরকার দাবি ২৯॥/৩ থানা রঘুনাথগঞ্জ মৌজে গিরিয়া ২২৩।০ জমি ও নদী-গর্ভে ৬৬ শতক জমা ৭।২ আঃ ২৫৲

২২৩ থাং ডিঃ ঐ দেং প্রাণনাথ ঘোষ দিং দাবি ১৩৩॥৶৬ থানা সুতী মৌজে আহিরণ ২১-৭৩ শত-কের কাত ৬৯।/৬ আঃ ২৫৲ থং ৬৩৫

২১৯ থাং ডিঃ অমানো বর্ম্মণ্যা দেং নগেন্দ্রনাথ সাহা দাবি ১৭৸৶৬ থানা রঘুনাথগঞ্জ মৌজে নশিপুর ৭৬ শতকের কাত ১॥৫ আঃ ১০৲ থং ৭

২২০ থাং ডিঃ ঐ দেং বিভূতিভূষণ সাহা দাবি ১৯॥৵৬ মৌজাদি ঐ ৭৮ শতকের কাত ১॥০ আঃ ১০৲ থং ৭

২৫৭ থাং ডিঃ ঐ দেং প্রহ্লাদচন্দ্র দাস দাবি ১৩৸৶৯ থানা রঘুনাথগঞ্জ মৌজে তেঘরি ৪ শতকের কাত ১/০ আঃ ৫৲ থং ৩৯৪ অধীনস্থ থং ৩৯৫

---

## চৌকি জঙ্গিপুর ২য় মুন্সেফী আদালত নিলামের দিন ২০শে সেপ্টেম্বর ১৯৫৪

১৯৫৪ সালের ডিক্রীজারী

১৫৫ থাং ডিঃ শিবরাণী দেবী দেং সৈয়দ সালাম মিঞা দাবি ১৭৯/৩ থানা সাগরদীঘি মৌজে বাবুরী-গ্রাম ১০-৩০ শতকের কাত ৩৩।০ আঃ ১২৫৲ থং ৬৩

৫ মনি ডিঃ বিশ্বেশ্বর ঘোষাল দেং মতিলাল মণ্ডল দাবি ২৭॥৵০ থানা রঘুনাথগঞ্জ মৌজে সুজাপুর ৫-১২ শতক ভোগদখলসূত্রে নিষ্কর আঃ ১০৬৲ থং ২২৩ অধীনস্থ থতিয়ান ২২৪ হইতে ২২৮

১০৫ থাং ডিঃ নবকুমার সিংহ দুধোরিয়া দিং দেং ইউনুস সেথ দিং দাবি ৩৫৸৬ থানা সাগরদীঘি মৌজে গাঙ্গাড্ডা ১ শতকের কাত ।৵৫ আঃ ৫৲ থং ৩৮৩ রায়ত স্থিতিবান

---

## ভেজাল তৈলে দণ্ড

রঘুনাথগঞ্জ মেছুয়াবাজারের ব্যবসায়ী শ্রীইন্দ্রচন্দ্র বড়াল ও শ্রীযোগীন্দ্রনাথ সরকার ভেজাল সরিষার তৈল বিক্রয়ের অপরাধে ফৌজদারী সোপরদ্দ হন। বিচারে তাঁহাদের উভয়ের ৩০৲ ত্রিশ টাকা হিসাবে অর্থদণ্ড হইয়াছে।

## শিক্ষক সনদ দিবস

গত ৭ই আগষ্ট শনিবার কাঞ্চনতলা হাই স্কুল হলে কাঞ্চনতলা হাই স্কুলের শিক্ষকগণ, ধুলিয়ান মক্তব এবং জিওলমারী, অনুপনগর প্রাইমারী স্কুলের শিক্ষকগণকে লইয়া "শিক্ষক সনদ দিবস" পালন করিয়াছেন।

শ্রীমদনমোহন বন্দ্যোপাধ্যায়
সভাপতি, জঙ্গিপুর মহকুমা শিক্ষক সমিতি।

## জঙ্গিপুর দ্বিতীয় মুন্সেফী আদালতে মুন্সেফ বাবু

জঙ্গিপুর দ্বিতীয় মুন্সেফী আদালতে বহু দিন কোন মুন্সেফ বাবু ছিলেন না। প্রথম মুন্সেফ বাবুকেই দুই আদালতের বিচারকার্য্য করিতে হইত। গত ১৩ই আগষ্ট শুক্রবার শ্রীহরিসাধন বারুরী মহাশয় দ্বিতীয় মুন্সেফী আদালতের কার্য্যভার গ্রহণ করিয়াছেন। আমরা নবাগত মুন্সেফ মহোদয়কে সাদর অভিনন্দন জ্ঞাপন করিতেছি। অয়মারম্ভ শুভায় ভবতু।

## পরলোকগমন

রঘুনাথগঞ্জের স্বনামধন্য উকিল স্বর্গীয় ইন্দ্রচন্দ্র মুখোপাধ্যায় মহাশয়ের কনিষ্ঠ ভ্রাতা স্বর্গীয় আশুতোষ মুখোপাধ্যায় মহাশয়ের সহধর্ম্মিণী অচলাবালা দেবী গত ২৭শে শ্রাবণ বৃহস্পতিবার রাত্রে পরলোকগমন করিয়াছেন। মৃত্যুকালে তাঁহার বয়স ৮২ বৎসর হইয়াছিল বলিয়া প্রকাশ। আমরা তাঁহার স্বজনগণের শোকে সমবেদনা জ্ঞাপন করিয়া পরলোকগতা আত্মার চিরশান্তি কামনা করি।

# জমিদারী দখল আইন কার্যকর করার ব্যবস্থা

## মধ্যস্বত্ত ভোগিগণের হিসাব দাখিলের শেষ তারিখ

বিভিন্ন পর্যায়ে জমিদারী দখল আইনের ধারাগুলি প্রবর্তন করা সম্পর্কে উল্লিখিত আইনে যে সময়-সূচি নির্দেশ করা হইয়াছে এবং উল্লিখিত আইনবলে যে সকল নিয়ম প্রণয়ন করা হইয়াছে সেই সময়সূচি ও নিয়ম অনুযায়ী ১৯৫৩ সালের জমিদারী দখল আইন কার্যে পরিণত করা সম্পর্কে জেলা কালেক্টরগণ ১৯৫৪ সালের ১লা জুলাই এক ঘোষণা জারী করিয়াছেন। এই ঘোষণায় প্রত্যেক মধ্যস্বত্বভোগীকে ঘোষণায় উল্লিখিত নির্দিষ্ট বিষয় সমূহের বিশদ বিবরণ দিয়া তাঁহার সকল রকম স্বত্বের হিসাব দাখিল করিতে হইবে। সরকারকে এরূপ জ্ঞাত করা হইয়াছে যে, উল্লিখিত ঘোষণার সহিত প্রদত্ত ফরম অনুযায়ী স্বত্বসমূহের হিসাব দাখিল করিতে মধ্যস্বত্বভোগীরা অসুবিধা বোধ করিতেছেন। তাই সরকার মধ্যস্বত্বভোগিদের সুবিধার্থ জেলা-কালেক্টরগণকে একটি সংশোধিত ঘোষণাপত্র জারী করিতে এবং বাংলা ভাষায় একটি সংশোধিত হিসাব দাখিলের ফরম বিলি করিতে নির্দেশ দিয়াছেন। মধ্যস্বত্বভোগিগণ কর্তৃক কালেক্টরগণের নিকট হিসাব দাখিলের শেষ তারিখ ১৯৫৪ সালের ১৫ই সেপ্টেম্বর। মধ্যস্বত্বভোগিগণ যাহাতে শেষ তারিখের মধ্যে যথাযথ এবং সঠিক হিসাব দাখিল করিতে পারেন তদুদ্দেশ্যে হিসাব দাখিল সম্পর্কিত তথ্যাদি জানিবার জন্য তাঁহাদিগকে অবিলম্বে সংশ্লিষ্ট কালেক্টরগণের সহিত যোগাযোগ স্থাপন করিতে অনুরোধ করা যাইতেছে। মধ্যস্বত্বভোগিগণের নিজেদের স্বার্থের জন্যই ইহা করা উচিত, কারণ দাখিলকরা হিসাবের ভিত্তিতেই মধ্যস্বত্বভোগিগণকে অন্তবর্তীকালীন এবং চূড়ান্ত ক্ষতিপূরণ দেওয়ার ব্যবস্থা করা হইবে।

পশ্চিমবঙ্গ সরকার কর্তৃক প্রচারিত।

## সমাবর্ত্তন উৎসবে ভ্রমাবর্ত্তন

মুর্শিদাবাদ জেলা রাষ্ট্রভাষা প্রচার সমিতির পঞ্চম সমাবর্ত্তন উৎসবের তারিখ জেলার দুইখানি সংবাদপত্রে একই ভ্রমপূর্ণ ঘোষণা দেখিয়া আশ্চর্য্যান্বিত হইয়াছি। উভয় সংবাদপত্রই প্রকাশিত হইয়াছে আগষ্ট মাসের প্রথম সপ্তাহে কিন্তু দুইখানি কাগজেই **৮ই জুলাই** সমাবর্ত্তন উৎসব অনুষ্ঠিত হইবে বলিয়া ঘোষিত হইয়াছে। একখানি কাগজে অনুষ্ঠানের স্থান দেওয়া হইয়াছে—"কৃষ্ণনাথ কলেজ হল", অপরখানিতে দেওয়া হইয়াছে "কৃষ্ণনাথ কলেজ স্কুল হল"। রাষ্ট্রভাষার পরীক্ষায় উত্তীর্ণ ছাত্র-ছাত্রীসমূহ নিশ্চয়ই ধাঁধায় পড়িয়াছেন, তাহাতে কোন সন্দেহ নাই। আমরা এই ভ্রমের প্রতি পণ্ডিত শ্রীরামবিলাস উপাধ্যায় মহাশয়ের দৃষ্টি আকর্ষণ করি।


## বদলী

জঙ্গিপুরের মহকুমা কৃষি আধিকারিক শ্রীসত্যব্রত সরকার মহাশয় ২৪-পরগণা জেলার বারাসত মহকুমায় বদলী হইলেন। ১৭ই আগষ্ট মঙ্গলবার বৈকালে জঙ্গিপুর মহকুমার কৃষি কর্ম্মচারিবৃন্দ তাঁহাকে বিদায় অভিনন্দন জ্ঞাপন করেন।

## বে-আইনী লটারী পরিচালনা

### টিকিট ও কাগজপত্র উদ্ধার

গত ৩১শে জুলাই শ্রীরামপুরের এনফোর্সমেন্ট পুলিশ হুগলী জেলার চাতরা নবগ্রামে বে-আইনী লটারী চালাইবার জন্য কতিপয় স্থানে হানা দিয়া প্রচুর পরিমাণে টিকিট ও কাগজপত্র উদ্ধার করে। প্রকাশ ইহারা জনসাধারণকে প্রতারণা করিতেছিল।




## দি আর্ট ইউনিয়ন প্রিণ্টিং ওয়ার্কস

৫৫।৭, গ্রে ষ্ট্রীট, পোঃ বিডন ষ্ট্রীট, কলিকাতা—৬

টেলিগ্রাম : "আর্টইউনিয়ন"   টেলিফোন : বড়বাজার ৪১২

প্রাথমিক, মধ্য ও উচ্চ বিদ্যালয়ের
যাবতীয় ফরম, রেজিষ্টার, গ্লোব, ম্যাপ, ব্লাকবোর্ড এবং
বিজ্ঞান সংক্রান্ত যন্ত্রপাতি ইত্যাদি
ও
ইউনিয়ন বোর্ড, বেঞ্চ, কোর্ট, দাতব্য চিকিৎসালয়,
কো-অপারেটিভ রুর‍্যাল সোসাইটী, ব্যাঙ্কের
যাবতীয় ফরম ও রেজিষ্টার ইত্যাদি
সর্ব্বদা সুলভ মূল্যে পাওয়া যায়

* * *

**রবার ষ্ট্যাম্প** অর্ডারমত যথাসময়ে প্রস্তুত ও ডেলিভারী হয়

আমেরিকায় আবিষ্কৃত

## ইলেকট্রিক সলিউসন

— দ্বারা —

## মরা মানুষ বাঁচাইবার উপায়ঃ--



আবিষ্কৃত হয় নাই সত্য কিন্তু যাঁহারা জটিল রোগে ভুগিয়া জ্যান্তে মরা হইয়া রহিয়াছেন, স্নায়বিক দৌর্ব্বল্য, যৌবনশক্তিহীনতা, স্বপ্নবিকার, প্রদর, অজীর্ণ, অম্ল, বহুমূত্র ও অন্যান্য প্রস্রাবদোষ, বাত, হিষ্টিরিয়া, সূতিকা, ধাতুপুষ্টি প্রভৃতিতে অব্যর্থ পরীক্ষা করুন! আমেরিকার সুবিখ্যাত ডাক্তার পেটাল সাহেবের আবিষ্কৃত তড়িৎশক্তিবলে প্রস্তুত ইলেকট্রিক সলিউসন' ঔষধের আশ্চর্য্য ফল দেখিয়া মন্ত্রমুগ্ধ হইবেন। প্রতি বৎসর অসংখ্য মুমূর্ষু রোগী নবজীবন লাভ করিতেছে। প্রতি শিশি ১৷৷০ টাকা ও মাশুলাদি ১/০ এক টাকা এক আনা।

সোল এজেণ্ট :—**ডাঃ ডি, ডি, হাজরা**
ফতেপুর, পোঃ—গার্ডেনরিচ, কলিকাতা—২৪

রঘুনাথগঞ্জ পণ্ডিত-প্রেসে—শ্রীবিনয়কুমার পাণ্ডত কর্ত্তৃক
সম্পাদিত, মুদ্রিত ও প্রকাশিত